সংবাদ
03 APR 2008

জাবিতে র‍্যাগিংয়ের নামে অমানবিক নির্যাতন : হল ছাড়ছে নবীন শিক্ষার্থীরা

প্রতিনিধি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে র‍্যাগের নামে প্রথমবর্ষের শিক্ষার্থীরা অমানবিক নির্যাতন শিকার হয়ে হল ছেড়ে চলে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষার্থীরা মজা করতে গিয়ে নবীন শিক্ষার্থীদের সঙ্গে এ অমানবিক আচরণ করে। নবীন শিক্ষার্থীদের হয়রানির হাত থেকে রক্ষার ব্যাপারে নীরব ভূমিকা পালন করছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

জানা যায়, জাবিতে র‍্যাগের নামে সিনিয়ররা নবীন শিক্ষার্থীদের সঙ্গে নানা প্রকার কুরুচিপূর্ণ আচরণের পরিচয় দেয়। নবীনরা যাতে সিনিয়রদের সঙ্গে বেয়াদবি না করে এ অজুহাতে র‍্যাগ নামের এ অপসংস্কৃতি চালানো হয়। গত সোমবার মধ্যরাতে মওলানা ভাসানী হলে ৩০-৪০জন নবীন ছাত্রকে প্রায় নগ্ন অবস্থায় প্যারেড করানো হয়। ওই রাতে ৩৫ ও ৩৬তম ব্যাচের ছাত্র সাইফুল অপু, বাবু, তন, শুভ, সাকিল, আহাদসহ ১০-১৫ জন রাত ১টায় রুমে এসে র‍্যাগ দেয়া শুরু করে। এ সময় তাদের সবাইকে প্যান্ট খুলতে বাধ্য করে।

এ সময় শিক্ষার্থীদের কান্নার শব্দে সাধারণ ছাত্রদের ঘুম ভেঙে যায়। সাধারণ ছাত্ররা বাধা দিতে গেলে তাদের হল থেকে বের করে দেয়ার হুমকি দেয়া হয়। উল্লেখ্য, যারা র‍্যাগ দিয়েছে তারা সবাই ছাত্রদল কর্মী। এ সম্পর্কে নাম প্রকাশে অনিচ্ছুক এক নবীন ছাত্র বলেন, সোমবার রাতে আমি অসুস্থ অবস্থায় বাড়ি থেকে হলে আসি। এ সময় তারা আমাকে সবার সামনে প্যান্ট খুলতে বলেন আমি প্যান্ট খুলতে অস্বীকৃতি জানাই। তখন তারা বেল্ট ও লাঠি দিয়ে আমাকে পিটাতে উদ্যত হয়। এক পর্যায়ে তারা হলের ছাদ থেকে আমাকে ফেলে দেয়ার হুমকি দিলে আমি মৃত্যুর ভয়ে প্যান্ট খুলতে বাধ্য হই। বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা যে এমন নোংরা আচরণ করতে পারে তা কল্পনাও করতে আমার কষ্ট হয়। এ সম্পর্কে মওলানা ভাসানী হলের প্রভোস্ট অধ্যাপক মাফরুজা ছাত্তার বলেন, ছাত্ররা লিখিত কোন অভিযোগ না দিলে আমরা কোন পদক্ষেপ নিতে পারব না। লিখিত অভিযোগের ব্যাপারে র‍্যাগের শিকার শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ করা হলে তারা জানায়, হল থেকে বের করে দেয়া হবে এ ভয়ে তারা অভিযোগ করেননি।